# তা'মীরুল মিল্লাত কামিল মাদ্‌রাসা, ঢাকা

## প্রাক নির্বাচনী অনলাইন পরীক্ষা-২০২০

### শ্রেণি ঃ অষ্টম       বিষয় ঃ বাংলাদেশ ও বিশ্ব পরিচয় (সৃজনশীল)

সময় ঃ ২:৩০ ঘণ্টা       বিষয় কোড: ১৪৩       পূর্ণমান ঃ ৭০

[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উদ্দীপকে গুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোন ৭টি প্রশ্নের উত্তর দাও।]

১। লাবিবের গ্রামটি গোমতী নদীর তীরে অবস্থিত। সকালে খেলার মাঠে গিয়ে দেখল নদী পানি পূর্ণ। কিন্তু বিকাল বেলায় গ্রামের লোকজনের ছোটছুটি, গবাদিপশু ও মালামাল অন্যত্র নিয়ে যাওয়া, ফসল সংরক্ষণের ব্যাপক প্রস্তুতি দেখে সে বুঝল তাদের ও এখন গ্রাম ছেড়ে যেতে হবে। তার পরিবারের, সদস্যরা লাবিবের দাদি ও ৩ বছরের ছোট বোনকে নিয়ে বেশি চিন্তা করছিল।

ক) গ্রিন হাউস গ্যাস কী? ১
খ) ভূমিধস কেন হয়? ২
গ) লাবিবের এলাকায় কোন দুর্যোগ দেখা দিয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ) উক্ত দুর্যোগ লাবিবের পরিবারের উপর যে প্রভাব ফেলেছে তা নিরূপণ কর। ৪

২। মামুনের মামার বাড়ি রংপুরে। সম্প্রতি সে মামার বাড়িতে বেড়াতে গিয়ে লক্ষ্য করল মাঠ ঘাট ফেটে চৌচির হয়ে গেছে। নদ নদীগুলো শুকনো। মামা বললেন, পানির অভাবে সঠিক সময়ে চাষাবাদ করতে পারিনা। এলাকাটি ধীরে ধীরে মরুময় হয়ে যাচ্ছে।

ক) জলবায়ু পরিবর্তনের প্রধান কারণ কোনটি? ১
খ) আগুনে ঘরবাড়ি পুড়ে যাওয়া কোন ধরনের দুর্যোগের অন্তর্ভূক্ত? ব্যাখ্যা কর। ২
গ) উদ্দীপকের মামুনের দেখা চিত্রটি কোন দুর্যোগের প্রতিফলন লক্ষ্য করা যায় ও ব্যাখ্যা কর।৩
ঘ) উক্ত দুর্যোগটি মোকাবেলায় করণীয় পদক্ষেপসমূহ আলোচনা কর। ৪

৩। মায়া ও ছায়া চাচাতে বোন। দশম শ্রেণি পর্যন্ত পড়ালেখা করা মায়া গ্রামে সরকারী সহায়তায় একটি হাঁস -মুরগির খামার পরিচালনা করছে। এই কাজে সে সারাদিন ব্যস্ত থাকে। খামারের আয় দিয়ে সংসারের খরচ চালিয়ে দুই সন্তানের লেখাপড়াও চলছে। অপর দিকে ছায়ার অল্প বয়সে বিয়ে হয়ে যায়। ছয় সন্তান নিয়ে বর্তমানে সে মানবেতর জীবন যাপন করছে।

ক) জাতীয় জনসংখ্যা দিবস কত তারিখে পালন করা হয়? ১
খ) জনসংখ্যা বিষয়ে জাতীয় পর্যায়ে যে পরিকল্পনা গ্রহণ করা হয়, তাকে কী বলে? ব্যাখ্যা কর।২
গ) মায়ার কর্মকাে সরকারের যে নীতির প্রতিফলন ঘটেছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ) ছায়ার পরিবারে জনসংখ্যা বেশি হওয়ার পেছনে কোন কারণটি দায়ী? বিশ্লেষণ কর। ৪

৪।

| ক্রমিক নং | দেশ | প্রতি বর্গ কি: মি: জনসংখ্যা | মাথাপিছু আয় (মার্কিন ডলার) |
|---|---|---|---|
| ১ | যুক্তরাষ্ট্র | ৩৫ | ৫৫,৮৩৬ |
| ২ | ভারত | ৪৪১ | ১৫৮১ |
| ৩ | বাংলাদেশ | ১২৩৭ | ১৪৬৬ |

ক) ২০১০ সালে বাংলাদেশ কোন ক্ষেত্রে সাফল্যের জন্য জাতিসংঘ পুরস্কার লাভ করেছে? ১
খ) জনসংখ্যা নীতি বলতে কী বোঝায়? ২
গ) উপরের তালিকা অনুসারে বাংলাদেশের উন্নয়নের পথে বাধা কোনটির? বর্ণনা কর। ৩
ঘ) ছকে বর্ণিত ২নং দেশের অভিজ্ঞতার আলোকে কীভাবে বাংলাদেশ জনসম্পদে সমৃদ্ধ হতে পারবে আলোচনা কর। ৪

৫। জনাব কবির লক্ষ করলেন কয়েক মাস যাবত তার মেয়ে বিদ্যালয়ে একা যেতে সংকোচ বোধ করছে। কারণ তার এলাকায় ১৩-১৪ বৎসর বয়সী কয়েকজন ছেলে বিদ্যালয়ে যাওয়ার পথে মেয়েদেরকে নানাভাবে উত্যক্ত করে। বিষয়টি তাকে চিন্তিত করে তোলে। তিনি এ সমস্যা সমাধানের জন্য অভিভাবকদের সাথে আলোচনার উদ্যোগ গ্রহণ করেন।

ক) মাদকাসক্তি রোধ কোন প্রতিজ্ঞায় তরুণদের উদ্বুদ্ধ করতে হবে? ১
খ) অপসংস্কৃতি প্রভাব মাদকাসক্তির বড় কারণ বুঝিয়ে লেখ। ২
গ) কোন ধরনের সামাজিক সমস্যার কারণে জনাব কবির চিন্তিত ব্যাখ্যা কর। ৩
ঘ) জনাব কবিরের গৃহীত উদ্যোগের কার্যকারিতা মূল্যায়ন কর। ৪

৬। নন্দি পাড়ার অধিকাংশ উঠতি বয়সী ছেলে-মেয়ে বিভিন্ন অপরাধমূলক কাজের সাথে জড়িত হয়ে পড়েছে। দিন দিনই এ অপরাধ প্রবণতা বৃদ্ধি পাচ্ছে। এসব কিশোর অপরাধ সৃষ্টি অন্যতম প্রধান কারণ হলো মাদকদ্রব্যের অবাধ বিস্তার ও সহজে প্রাপ্তি। নন্দি পাড়ার গ্রামে দিন দিন মাদকাসক্ত ব্যক্তির সংখ্যা বৃদ্ধি পাচ্ছে।

ক) কিশোর অপরাধ কী? ১
খ) কৌতুহলের মাধ্যমে কীভাবে কিশোররা মাদকে আসক্ত হয়ে পড়ে? ২
গ) নন্দিপাড়ায় মাদক দ্রব্যের অবাধ বিস্তার ঘটনার কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ) নন্দি পাড়ায় মাদকাসক্তের সংখ্যা বৃদ্ধির পেছনে সামাজিক কারণই ছিল বেশি যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৭। সফিক তার বন্ধুদের নিয়ে ঘোড়াশালে একটি শিল্প কারখানা দেখতে এসেছে। সে এ শিল্পের কাঁচামাল হিসাবে প্রাকৃতিক গ্যাসের ব্যবহার দেখতে পায়। একই সঙ্গে এ শিল্পের উৎপাদিত পণ্য দেশে কৃষির উৎপাদনশীলতা বৃদ্ধিরতে প্রত্যক্ষ ভূমিকার কথা জানতে পারে।

ক) কোন শিল্প প্রতিষ্ঠানের মাধ্যমে পাট শিল্পের যাত্রা শুরু হয়? ১
খ) বাংলাদেশের বৃহত্তম রপ্তানি মুখী শিল্পটি বর্ণনা কর? ২
গ) সফিকের দেখা শিল্পটির পরিচয় ব্যাখ্যা কর। ৩
ঘ) সফিকের অভিজ্ঞতায় কৃষকদের আর্থ-সামাজিক উন্নতির সাথে শিল্পায়নের সম্পর্ক ফুটে উঠেছে-এর যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৮। কোনো দেশের মোট আয়তনের ২৫% বনভূমি থাকা প্রয়োজন। কিন্তু বাংলাদেশে বনভুমি রয়েছে মাত্র ১৬%। বাংলাদেশের খুলনা বাগেরহাট অঞ্চলে দেশের প্রধান বন অবস্থিত। অর্থনৈতিক উন্নয়নে এর ভূমিকা

অনন্য। বাংলাদেশের অর্থনীতিতে দেশে সমগ্র বনজ সম্পদের যথেষ্ঠ অবদান রয়েছে।

ক) বাংলাদেশে মোট বনভূমির পরিমাণ কত? ১

খ) বাংলাদেশের সমুদ্র সম্পদের বর্ণনা দাও। ২

গ) অর্থনৈতিক উন্নয়নে কোন বনের ভূমিকা অনন্যা ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে উল্লিখিত সম্পদ ব্যতীত বাংলাদেশের উন্নয়ন মন্থর হতো উক্তিটির পক্ষে বা বিপক্ষে তোমার যুক্তি বিশ্লেষণ কর। ৪

৯। সংস্থাঃ-১ঃ প্যারিসে সদর দপ্তর । বর্তমানে সদস্যসংখ্যা ১৮৯ টি রাষ্ট্র।

সংস্থাঃ-২ঃ ১৯৪৮ সালের ৭ই এপ্রিল গঠিত হয়। জেনেভা শহরের সদর দপ্তর অবস্থিত।

ক) UNFPA কীভাবে কার্যক্রম পরিচালনা করে? ১

খ) বাংলাদেশে সংস্থা -২ এর কার্যক্রম ব্যাখ্যা কর। ২

গ) বাংলাদেশে UNDP এর কার্যক্রম ব্যাখ্যা কর। ৩

ঘ) 'সংস্থা -১' বাংলাদেশের ঐতিহ্য সংরক্ষণের ভূমিকা রাখে-বিশ্লেষণ কর। ৪

১০। মাথিন চাকমা, অন্তরা সাহা ও অরুণ এই তিন জন এক সাথে বসে রমনা বটমূলে পহেলা বৈশাখের অনুষ্ঠান দেখছিল। হঠাৎ তারা লক্ষ করল ছায়ানটের শিল্পীদের গান পরিবেশনের পর খাগড়াছড়ি থেকে আগত চারজন নৃত্য শিল্পী নৃত্য পরিবেশন করছে। তাদের পরনে ছিল- আঞ্জিও থামি।

ক) চাকমাদের শ্রেষ্ঠ উৎসব কী? ১

খ) 'সিউয়া' বলতে কী বোঝায়? ২

গ) উদ্দীপকের চারজন নৃত্য শিল্পী কোন ক্ষুদ্র নৃগোষ্ঠীর পরিচয় বহন করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) "বৈশাবী আর পহেলা বৈশাখ আজ একই বিন্দুতে মিলিত হয়েছে"। এই উক্তিটি উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

১১। দৃশ্যকল্প-১ঃ ১৯৪৬ সালে প্রতিষ্ঠিত। সদর দপ্তর নিউইয়র্ক এ অবস্থিত। শিশুদের সেবা প্রদান করে।
দৃশ্যকল্প-২ঃ সদর দপ্তর ফ্রান্সের রাজধানী প্যারিসে। বর্তমান সদস্য ১৮৯টি। মূল কাজের ক্ষেত্র চারটি।

ক) FAO এর পূর্ণ রূপ কী? ১

খ) আন্তর্জাতিক সংস্থা বলতে কী বুঝায়? ২

গ) দৃশ্যকল্প-১ কোন আন্তর্জাতিক সংস্থাকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ) দৃশ্যকল্প-২ঃ বাংলাদেশে এ সংস্থাটির কার্যক্রম বিশ্লেষণ কর। ৪

# তা'মীরুল মিল্লাত কামিল মাদ্‌রাসা ,ঢাকা

## প্রাক নির্বাচনী অনলাইন পরীক্ষা-২০২০

## শ্রেণি ঃ অষ্টম

## বিষয় ঃ বাংলাদেশ ও বিশ্বপরিচয় (বহুনির্বাচনী)

**সময় ঃ ৩০ মিনিট** **পূর্ণমান ঃ ৩০**

[সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোন্ দাগ দেওয়া যাবে না]

১। আন্তর্জাতিক আদালত কোথায় অবস্থিত?
ক) জেনেভা খ) নিউইয়র্ক গ) হেগ ঘ) প্যারিস

২। FAO এর সদর দপ্তর কোথায় অবস্থিত?
ক) জেনেভা খ) নিউইয়র্ক গ) রোম ঘ) প্যারিস

৩। আর্থ-সামাজিক অগ্রগতিতে সম্পদের গুরুত্বপূর্ণ অবদান হচ্ছে-
i) সুষম খাদ্যের অভাব পুরণ ii) শিল্পের কাঁচামাল যোগান দেওয়া
iii) প্রকৃতির ভারসাম্য রক্ষা করা
নিচের কোন্‌টি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

৪। মংলা একটি-
ক) স্থলবন্দর খ) বিমান বন্দর গ) নদী বন্দর ঘ) সমূদ্র বন্দর

৫। বাংলাদেশের কোন নৃগোষ্ঠির ভাষার নাম “আচিকখুসিক”?
ক) চাকমা খ) গারো গ) মারমা ঘ) সাঁওতাল

৬। উনিশ শতকে উপমহাদেশের গুরুত্বপূর্ণ ঐতিহাসিক ঘটনা কোনটি?
ক) গারো বিদ্রোহ খ) রাখাইন বিদ্রোহ
গ) সাঁওতাল বিদ্রোহ ঘ) খাসিয়া বিদ্রোহ

৭। আমাদের দেশে কিশোর অপরাধের প্রধান কারণ কী?
ক) দারিদ্র্য খ) আদর-যত্নের অভাব
গ) বিবাহ বিচ্ছেদ ঘ) চিত্তবিনোদনের অভাব

৮। প্রতি বছর কোন তারিখে বাংলাদেশের জাতীয় জনসংখ্যা দিসব উদযাপন করা হয়?
ক) ২রা ফেব্রুয়ারী খ) ৮ই মার্চ
গ) ২১শে ফেব্রুয়ারী ঘ) ১লা মে

৯। বাংলাদেশের সংবিধান ২০১৪ সাল পর্যন্ত কত বার সংশোধন হয়েছে?
ক) ১১ খ) ১৩ গ) ১৫ ঘ) ১৬

১০। রাষ্ট্র পরিচালনার মূলনীতি চারটি কোথায় লিপিবদ্ধ করা আছে?
ক) সংবিধানে খ) স্বাধীনতা সনদে
গ) আইনগ্রন্থে ঘ) সরকারি দলের গঠন তন্ত্রে

১১। জাতীয় -উৎপাদনে এককভাবে কোন খাতের অবদান সর্বাধিক?
ক) কৃষি খ) শিল্প গ) ব্যবসা ঘ) স্বাস্থ্য

১২। বাংলাদেশের বেশির ভাগ লোক কোথায় বাস করে?
ক) শহরের খ) গ্রামে গ) ঢাকায় ঘ) নদীর তীরে

১৩। বাংলাদেশের মানুষের জীবিকার প্রধান উপায় কী?
ক) চাকরি খ) মৎস্য গ) ব্যবসা ঘ)কৃষি

১৪। GDP- এর পূর্ণরূপ কী?
ক) Green Domestic Product খ) Gross Domestic Print
গ) Gross Domestic Product ঘ) GrossDemand Product

১৫। মোট জাতীয় উৎপাদনকে সংক্ষেপে কী দিয়ে প্রকাশ করা হয়?
ক) GDP খ) GNI
গ) NNI ঘ) GPP

১৬। রাষ্ট্রের উপাদান কোনটি?
ক) অধিদপ্তর খ) প্রধানমন্ত্রীর কার্যালয়
গ) সচিবালয় ঘ) সরকারে

১৭। বাঙালি জাতির মধ্যে সুদৃঢ় ঐক্য সৃষ্টি করেছে-
i) ভাষা ii) সাহিত্য iii) সংস্কৃতি
নিচের কোন্‌টি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৮। বাংলাদেশের বিচার বিভাগের সর্বোচ্চ স্তর কোনটি?
ক) জাতীয় সংসদ খ) সচিবালয় গ) সুপ্রিম কোর্ট ঘ) জেলা আদালত

১৯। বৈশ্বিক উষ্ণতায়নের ফলে ক্রমাগত কী উত্তপ্ত হচ্ছে?
ক) বায়ু মন্ডল খ) নদীর পানি গ) সমুদ্রপৃষ্ঠ ঘ) প্রাকৃতিক পরিবেশ

২০। সুনামি শব্দের অর্থ কী?
ক) লন্ডভন্ড খ) ক্ষয়ক্ষতি গ) সমুদ্র তীরের ঢেউ ঘ) পাকে পাকে বায়ু

২১। দূর্যোগ কয় ধরনের?
ক) এক খ) দুই গ) তিন ঘ) চার

২২। বাংলাদেশের প্রতি বর্গকিলোমিটার কতজন লোক বাস করে?
ক) ১০১৫ খ) ১০২০ গ) ১০২৫ ঘ) ১২৩৭

২৩। কোনটি একে অপরের সাথে সম্পর্কে যুক্ত?
ক) শিক্ষা ও মানুষ খ) শিক্ষা ও বেকার
গ)জনসংখ্যা ও উন্নয়ন ঘ) জনসংখ্যা ও শিক্ষা

২৪। বাংলাদেশের জনগণের মাথাপিছু আয় কত মার্কিন ডলার?
ক) ১০১৫ খ) ১২৩৭ গ) ১৪৬৬ ঘ) ১৪৮৬

২৫। কোনটি সচেতনমূলক কার্যক্রম?
ক) নিউজ লেটার খ) নাটক

গ) সিনেমা	ঘ) শর্ট ফিল্ম

২৬। বর্তমান বিশ্বে সর্বাধিক গুরুত্বপূর্ণ সম্পদ কোনটি?

ক) জ্বালানি শক্তি	খ) জনশক্তি

গ) দেবশক্তি	ঘ) পারমানবিক শক্তি

২৭। কোন দেশটি আজ তথ্যপ্রযুক্তিতে বেশ অগ্রসর?

ক) বাংলাদেশ	খ) ভারত

গ) পাকিস্তান	ঘ) মায়ানমার

২৮। পর্যাপ্ত চিত্তবিনোদনের সাথে কিসের সম্পর্ক রয়েছে?

ক) অর্থের	খ) মানসিক প্রশান্তির

গ) চলচ্চিত্রের	ঘ) ব্যাথা-বেদনার

২৯। মাদকসক্তি রোধে কোন ব্যবস্থা সবচেয়ের ভালো ও কার্যকর?

ক) প্রতিরোধমূলক	খ) প্রতিকার মূলক

গ) পদক্ষেপ মূলক	ঘ) শাস্তিমূলক

৩০। বর্তমানে বাংলাদেশের বৃহত্তম রপ্তানিমুখী শিল্প কোনটি?

ক) চা	খ) পাট

গ) কাগজ	ঘ) তৈরি পোষাক